# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫৪]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৬১: গোসলের জায়গা ত্যাগ করে অন্য জায়গায় পা ধৌত করা

## بَاب غَسْلِ الرِّجْلَيْنِ فِي غَيْرِ الْمَكَانِ الَّذِي يُغْتَسَلُ فِيهِ

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قال: أَنْبَأَنَا عِيسَى، عَنْ الْأَعْمَشِ، عَنْ سَالِمٍ، عَنْ كُرَيْبٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: حَدَّثَتْنِي خَالَتِي مَيْمُونَةُ، قالت: أَدْنَيْتُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غُسْلَهُ مِنَ الْجَنَابَةِ فَغَسَلَ كَفَّيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا، ثُمَّ أَدْخَلَ بِيَمِينِهِ فِي الْإِنَاءِ، فَأَفْرَغَ بِهَا عَلَى فَرْجِهِ ثُمَّ غَسَلَهُ بِشِمَالِهِ، ثُمَّ ضَرَبَ بِشِمَالِهِ الْأَرْضَ فَدَلَكَهَا دَلْكًا شَدِيدًا، ثُمَّ تَوَضَّأَ وُضُوءَهُ لِلصَّلَاةِ، ثُمَّ أَفْرَغَ عَلَى رَأْسِهِ ثَلَاثَ حَثَيَاتٍ مِلْءَ كَفِّهِ، ثُمَّ غَسَلَ سَائِرَ جَسَدِهِ، ثُمَّ تَنَحَّى عَنْ مَقَامِهِ فَغَسَلَ رِجْلَيْهِ، قَالَتْ: ثُمَّ أَتَيْتُهُ بِالْمِنْدِيلِ فَرَدَّهُ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الغسل ١ (٢٤٩)، ٥ (٢٥٧)، ٧ (٢٥٩)، ٨ (٢٦٠)، ١٠ (٢٦٥)، ١١ (٢٦٦)، ١٦ (٢٧٤)، ١٨ (٢٧٦)، ٢١ (٢٨١)، صحيح مسلم/الحيض ٩ (٣١٧)، سنن ابى داود/الطهارة ٩٨ (٢٤٥)، سنن الترمذى/فيه ٧٦ (١٠٣)، سنن ابن ماجه/فيه ٩٤ (٥٧٣)، (تحفة الأشراف: ١٨٠٦٤)، مسند احمد (٦/٣٢٩، ٣٣٠، ٣٣٥، ٣٣٦)، سنن الدارمى/الطهارة ٤٠ (٧٣٨)، ٦٧ (٧٧٤)، ويأتي عند المؤلف بأرقام: ٤٠٨، ٤١٨، ٤١٩، ٤٢٨ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 254 ـ صحيح

বাংলা

২৫৩. 'আলী ইবনু হুজুর (রহ.) ..... ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার খালা মায়মূনাহ্ (রাঃ)

আমার কাছে বর্ণনা করেছেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর অপবিত্রতার গোসলের সময় তার কাছে পানি এগিয়ে দিলাম। তিনি দু’বার কি তিনবার উভয় হাত (কজি পর্যন্ত) ধুলেন, তারপর তার ডান হাত পাত্রে প্রবেশ করালেন। ঐ হাত দিয়ে তার লজ্জাস্থানে পানি ঢাললেন এবং বাম হাত দিয়ে তা ধুলেন। তারপর বাম হাত মাটিতে রেখে তা উত্তমরূপে ঘষলেন। তারপর সালাতের উযূর মতো উযু করলেন। এরপর অঞ্জলি ভরে তিন অঞ্জলি পানি মাথায় দিলেন। তারপর সমস্ত শরীর ধুলেন। এরপর গোসলের জায়গা হতে সরে উভয় পা ধুলেন। পরিশেষে আমি তাঁর কাছে রুমাল নিয়ে গেলে তিনি তা ফিরিয়ে দিলেন।

## English

161. Washing The Feet In A Place Other Than That Where One Performed Ghusl

It was narrated that Ibn 'Abbas said: My maternal aunt Maimunah told me: 'I brought the Messenger of Allah (ﷺ) water for his Ghusl from Janabah, and he washed his hands two or three times, then he put his right hand in the vessel and poured water over his private part, then he washed it with his left hand. Then he put his left hand on the ground and rubbed it hard. Then he performed Wudu' as for prayer,then poured three scoops with his two hands full of water over his head, then he washed his entire body, then he moved away from where he had been standing and washed his feet.' She said: 'Then I brought him a towel but he refused it.'

### ফুটনোট

সহীহ: বুখারী ২৪৯, মুসলিম ৩১৭, সহীহ আবূ দাউদ ২৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন